



জেলা পরিষদ কার্যালয়

গাজীপুর

www.zpgazipur.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

জাতির মূলে জাতির মূলে জাতির মূলে
জাতির মূলে জাতির মূলে জাতির মূলে
জাতির মূলে জাতির মূলে জাতির মূলে

স্মারক নং: ৪৬.৪২.৩৩০০.০০১.০৫.০০১-২৬২

তারিখ: ০৬-০৯-২০১৯

বিষয়: গাজীপুর জেলা পরিষদ কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তির চেক গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৯/২০১৯ তারিখে গাজীপুর জেলা পরিষদ কর্তৃক “বঙ্গতাজ অডিটরিয়ামে” গাজীপুর জেলার গরিব ও মেধাবী ৬৯১ জন ছাত্র-ছাত্রীর মাঝে শিক্ষাবৃত্তির চেক বিতরণ করা হবে। জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব আখতারউজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত চেক বিতরণ করবেন। জেলা প্রশাসক, গাজীপুর ও পুলিশ সুপার, গাজীপুর উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ঐ দিন সকাল ৮.৪০ ঘটিকায় “বঙ্গতাজ অডিটরিয়ামে” উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন করতঃ চেক গ্রহণ করতে হবে। শিক্ষাবৃত্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা জেলা পরিষদ ওয়েবসাইট (www.zpgazipur.org) তে পাওয়া যাবে। আপনার প্রতিষ্ঠানের বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বর্ণিত শিক্ষাবৃত্তির চেক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকা প্রয়োজন।

এমতাবস্থায়, উক্ত চেক বিতরণ অনুষ্ঠানে আপনার প্রতিষ্ঠানের বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের আগামী ১২/০৯/২০১৯ তারিখ সকাল ৮.৩০ ঘটিকার মধ্যে উপস্থিত থাকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/ভাইস চ্যান্সেলর

..... কলেজ/বিশ্ববিদ্যালয়
গাজীপুর/.....

জামিল আহমেদ
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাজীপুর।
ফোন: ৪৯২৬১৪৬৭

E-mail: gazipurzp@gmail.com

অনুলিপি:

১) চেয়ারম্যান, জেলা পরিষদ, গাজীপুর